রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ৩১, ২০২২

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

**বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন**
**শিল্প মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ/১৭ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৭৯-আইন/২০২২ ।**—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ৫০ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন প্রবিধানমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(ক) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়,—

(১) **"আইন"** অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন);

(২) **"ইনস্টিটিউশন"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১) এ সংজ্ঞায়িত বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই);

(৩) **"তফসিল"** অর্থ এই প্রবিধানমালার কোনো তফসিল;

(৪) **“পণ্য”** অর্থ এইরূপ বস্তু যাহা ক্রয় বা বিক্রয় করা হয় এবং যাহা উৎপাদিত **(**manufactured**)** অথবা সম্পূর্ণ বা আংশিক প্রক্রিয়াজাত অথবা আমদানিকৃত অথবা অন্য কোনো পণ্য উৎপাদনে ব্যবহৃত হয়, এবং কৃষিজাত পণ্য, খাদ্য পণ্য, পোল্ট্রি ও ফিস ফিড, প্রসাধনী পণ্য, রাসায়নিক, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স, পাট ও বস্ত্র, প্রকৌশল এবং দৃশ্যমান বা অদৃশ্যমান অন্যান্য পণ্যও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৫) **“পরিষদ”** অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশনের পরিষদ;

(৬) **“ফরম”** অর্থ এই প্রবিধানমালার কোনো ফরম;

(৭) **“বিভাগীয় কমিটি”** অর্থ প্রবিধান ৫ এ উল্লিখিত কোনো বিভাগীয় কমিটি;

(৮) **“মহাপরিচালক”** অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশনের মহাপরিচালক;

(৯) **“মেশিন রিডেবল কোড বা অনুরূপ নিরাপত্তা কোড”** অর্থ স্ট্যান্ডার্ড মার্ক বা হালাল মার্কের নিরাপত্তা ও অনৈতিক ব্যবহার রোধকল্পে প্রদত্ত চিহ্ন বা কোড;

(১০) **“লাইসেন্স”** অর্থ স্ট্যান্ডার্ড মার্ক ব্যবহারের জন্য প্রাপ্ত লাইসেন্স;

(১১) **“স্ট্যান্ডার্ড মার্ক (Standard Mark)”** অর্থ প্রবিধান ৭ এ উল্লিখিত ইনস্টিটিউশনের সার্টিফিকেশন মার্ক;

(১২) **“হালাল”** অর্থ ইসলামি শরিয়াহ অনুযায়ী গ্রহণযোগ্য পণ্য, দ্রব্য, প্রসাধন সামগ্রী, ফার্মাসিউটিক্যালস এবং অন্যান্য প্রক্রিয়া, পদ্ধতি বা সেবা;

(১৩) **“হালাল অডিট”** অর্থ প্রবিধান ১৫ এ উল্লিখিত হালাল অডিট;

(১৪) **“হালাল অডিট টিম”** অর্থ প্রবিধান ১৫ এর উপ-প্রবিধান (১) এর অধীন গঠিত হালাল অডিট টিম;

(১৫) **“হালাল মার্ক”** অর্থ প্রবিধান ১২ এর উপ-প্রবিধান (১) এ উল্লিখিত হালাল সার্টিফিকেশন মার্ক;

(১৬) **“হালাল সার্টিফিকেট”** অর্থ প্রবিধান ১৬ এর উপ-প্রবিধান (২) এর অধীন ইনস্টিটিউশন কর্তৃক ইস্যুকৃত হালাল সার্টিফিকেট; এবং

(১৭) **“হালাল সার্টিফিকেশন কমিটি”** অর্থ প্রবিধান ১৪ এর অধীন গঠিত হালাল সার্টিফিকেশন কমিটি।

(খ) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **পরিষদের সভার কার্যপদ্ধতি।**—(১) পরিষদের সভার জন্য পরিষদের প্রত্যেক সদস্যকে সভা আহ্বানের ১৪ ( চৌদ্দ) দিন পূর্বে সভার বিজ্ঞপ্তি প্রদান করিতে হইবে, তবে জরুরি প্রয়োজনে ৭ (সাত) দিন পূর্বে বিজ্ঞপ্তি প্রদান করিয়া সভা আহ্বান করা যাইবে।

(২) কোনো সভা অনুষ্ঠানের নির্ধারিত সময়ের ৩০ (ত্রিশ) মিনিটের মধ্যে কোরাম গঠিত না হইলে উক্ত সভা একই সময় ও স্থানে পরবর্তী দিবস পর্যন্ত মুলতুবি থাকিবে এবং অনুরূপ মুলতুবি সভার কোরাম গঠিত না হইলেও সভা অনুষ্ঠান করা যাইবে।

(৩) নীতিগত কোনো বিষয়ে জরুরি ভিত্তিতে সিদ্ধান্তের প্রয়োজন হইলে, বিষয়টি পরিষদের চেয়ারম্যানের অনুমতিক্রমে, সদস্যগণের মতামতের জন্য প্রচার করা যাইবে এবং উহাতে সংখ্যাগরিষ্ঠ সদস্যের সম্মতি থাকিলে উহা পরিষদের সিদ্ধান্ত বলিয়া গণ্য হইবে, তবে এইরূপে গৃহীত সিদ্ধান্ত পরিষদের পরবর্তী সভায় অনুমোদন গ্রহণ করিতে হইবে।

৪। **উইং গঠন, ইত্যাদি**—(১) ইনস্টিটিউশন উহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক উইং গঠন করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া, ইনস্টিটিউশনের নিম্নরূপ উইংসমূহ থাকিবে, যথা :—

(ক) স্ট্যান্ডার্ডস উইং (Standards Wing);

(খ) পদার্থ পরীক্ষণ উইং (Physical Testing Wing);

(গ) রসায়ন পরীক্ষণ উইং (Chemical Testing Wing);

(ঘ) মেট্রোলজি উইং (Metrology Wing);

(ঙ) সার্টিফিকেশন মার্কস উইং (Certification Marks Wing);

(চ) ম্যানেজমেন্ট সিস্টেমস সার্টিফিকেশন উইং (Management Systems Certification Wing); এবং

(ছ) প্রশাসন উইং (Administration Wing)।

(৩) উইংসমূহ পরিষদ কর্তৃক উহাদের উপর অর্পিত দায়িত্ব পালন করিবে।

৫। **বিভাগীয় কমিটি।**—(১) বাংলাদেশ স্ট্যান্ডার্ড নির্দিষ্টকরণের জন্য ইনস্টিটিউশনের নিম্নরূপ বিভাগীয় কমিটি থাকিবে, যথা :—

(ক) কৃষি ও খাদ্য বিভাগীয় কমিটি (Agricultural and Food Divisional Committee);

(খ) রসায়ন বিভাগীয় কমিটি (Chemical Divisional Committee);

(গ) পাট ও বস্ত্র বিভাগীয় কমিটি (Jute and Textile Divisional Committee);

(ঘ) ইলেকট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স বিভাগীয় কমিটি (Electrical and Electronics Divisional Committee);

(ঙ) পুরকৌশল বিভাগীয় কমিটি (Civil Engineering Divisional Committee); এবং

(চ) যন্ত্রকৌশল বিভাগীয় কমিটি (Mechanical Engineering Divisional Committee)।

(২) বিভাগীয় কমিটির সদস্য সংখ্যা, দায়িত্ব ও কার্যাবলি পরিষদ কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) বিভাগীয় কমিটির সদস্যগণ নিজেদের মধ্য হইতে একজন চেয়ারম্যান ও একজন ভাইস-চেয়ারম্যান নির্বাচন করিবেন।

(৪) প্রত্যেক বিভাগীয় কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

(৫) ইনস্টিটিউশন বিভাগীয় কমিটিসমূহের সাচিবিক দায়িত্ব পালন করিবে।

৬। **বাংলাদেশ স্ট্যান্ডার্ড (বিডিএস) নির্দিষ্টকরণ (specification)।**—(১) কোনো পণ্য, দ্রব্য, প্রক্রিয়া, ব্যবহার-বিধি, পদ্ধতি, সেবা বা পরীক্ষণ পদ্ধতি সম্পর্কে ইনস্টিটিউশন, সংশ্লিষ্ট বিভাগীয় কমিটির সহিত পরামর্শ করিয়া, বাংলাদেশ স্ট্যান্ডার্ড (বিডিএস) নির্দিষ্টকরণ (specification) করিতে পারিবে।

(২) ইনস্টিটিউশন শিল্পের প্রয়োজন অনুযায়ী সাধারণভাবে উৎপাদনকারী ও ব্যবহারকারী উভয়ের স্বার্থ বিবেচনা করিয়া ও উহার পর্যাবৃত্ত পর্যালোচনা (periodic review) করিয়া অথবা জনস্বার্থে, স্ব-প্রণোদিত হইয়া কোনো পণ্য, দ্রব্য, প্রক্রিয়া, ব্যবহার-বিধি, পদ্ধতি, সেবা বা পরীক্ষণ পদ্ধতি সম্পর্কে বাংলাদেশ স্ট্যান্ডার্ড নির্দিষ্টকরণ করিতে পারিবে।

(৩) ইনস্টিটিউশন, এতদুদ্দেশ্যে গঠিত কমিটির সুপারিশক্রমে, যে কোনো পণ্য, দ্রব্য, বা প্রক্রিয়া অপর কোনো দেশি বা বিদেশি ইনস্টিটিউশন কর্তৃক নির্দিষ্টকৃত স্ট্যান্ডার্ডকে, পরিবর্তনসহ বা পরিবর্তন ব্যতীত, স্বীকৃতিদান বা আন্তর্জাতিক সংস্থা কর্তৃক নির্দিষ্টকৃত স্ট্যান্ডার্ডসমূহ সরাসরি বাংলাদেশ স্ট্যান্ডার্ড হিসাবে গ্রহণ করিতে পারিবে।

৭। **স্ট্যান্ডার্ড মার্ক।**—(১) স্ট্যান্ডার্ড মার্ক নিম্নরূপ নির্দেশিকা অনুযায়ী হইবে যাহা বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন সার্টিফিকেশন মার্ক নামে অভিহিত হইবে, যথা :—

উচ্চতা (Height)
৫০ মিঃমিঃ

প্রস্থ (Width) ৭৫ মিঃমিঃ

(২) স্ট্যান্ডার্ড মার্ক এক বা একাধিক রঙে প্রদর্শিত হইতে পারিবে, তবে স্ট্যান্ডার্ড মার্কে একাধিক রঙ ব্যবহারের ক্ষেত্রে উপ-প্রবিধান (১) এ প্রদর্শিত চিত্রটি নির্দেশক হিসাবে ব্যবহার করা যাইবে।

(৩) যথাযথ স্টাইলে আঁকা উপ-প্রবিধান (১) এ প্রদর্শিত চিত্রের ফটোগ্রাফিক হ্রাস বা বৃদ্ধির ক্ষেত্রে উচ্চতা ও ভূমি ২:৩ অনুপাতে থাকিতে হইবে।

(৪) পণ্য বা দ্রব্যের লেবেলিং-এ স্ট্যান্ডার্ড মার্ক এইরূপে প্রদর্শন করিতে হইবে যাহাতে উহা সহজেই দৃশ্যমান হয়।

(৫) স্ট্যান্ডার্ড মার্কের সুস্পষ্টতা, দৃশ্যমানতা ও অ-অপসারণযোগ্যতা এবং চিহ্নিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট বাংলাদেশ স্ট্যান্ডার্ড অনুসারে যথাযথভাবে প্রয়োগযোগ্য হইতে হইবে।

(৬) পণ্য বা দ্রব্যের লেবেলিং-এ স্ট্যান্ডার্ড মার্কের পাশাপাশি মেশিন রিডেবল কোড বা অনুরূপ নিরাপত্তা কোড ব্যবহার করিতে হইবে।

(৭) বাংলাদেশ স্ট্যান্ডার্ডের নম্বর এবং শব্দের প্রদর্শন অ্যারিয়াল ফন্টে (Arial Font) হইতে হইবে এবং যাহার আকার ৬ (ছয়) অপেক্ষা কম হইবে না।

(৮) স্ট্যান্ডার্ড মার্ক ইলেক্ট্রনিক্যালি কোনো পণ্য বা দ্রব্যের গায়ে উপস্থাপনার ক্ষেত্রে শারীরিক (physical) উপস্থাপনার পরিবর্তে একটি সংহত (Integrated) ডিসপ্লে স্ক্রিনযুক্ত কোনো ডিভাইসের মাধ্যমে উপস্থাপন করা যাইবে।

৮। **স্ট্যান্ডার্ড মার্ক ব্যবহারের উদ্দেশ্যে লাইসেন্সের জন্য আবেদন।**—(১) স্ট্যান্ডার্ড মার্ক ব্যবহারের উদ্দেশ্যে লাইসেন্স গ্রহণের নিমিত্ত ইনস্টিটিউশনের নিকট প্রতিটি পণ্য, দ্রব্য বা প্রক্রিয়ার ক্ষেত্রে ১ (এক) হাজার টাকা ফিসহ ফরম-১ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) আবেদনপত্রের সহিত দাখিলকৃত দলিলাদি ছাড়াও ইনস্টিটিউশন আবেদনকারীর নিকট হইতে উৎপাদন সংক্রান্ত তথ্যসহ যে কোনো প্রয়োজনীয় তথ্য বা দালিলিক প্রমাণ চাহিতে পারিবে এবং আবেদনকারী অনুরূপ চাহিত তথ্য বা দলিলাদি দাখিল না করিলে ইনস্টিটিউশন আবেদনপত্র প্রত্যাখ্যান করিতে পারিবে।

(৩) লাইসেন্সের জন্য প্রতিটি আবেদনপত্র নম্বরযুক্ত প্রাপ্তি স্বীকার প্রদান করিতে হইবে।

(৪) প্রতিটি আবেদনপত্র, ব্যক্তির ক্ষেত্রে আবেদনকারী স্বয়ং অথবা প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিক, অংশীদার বা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা প্রতিষ্ঠানের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

৯। **লাইসেন্স প্রদান ও নবায়ন।**—(১) প্রবিধান ৮ এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত যে সকল পণ্য, দ্রব্য বা প্রক্রিয়ার জন্য লাইসেন্সের আবেদন করা হইয়াছে সেই সকল পণ্য, দ্রব্য বা প্রক্রিয়া সংশ্লিষ্ট বাংলাদেশ স্ট্যান্ডার্ডের সহিত সংগতিপূর্ণ কিনা এবং উক্তরূপ পরীক্ষা-নিরীক্ষা করিবার সুবিধার্থে প্রয়োজনীয় স্থান রহিয়াছে কিনা উহা ইনস্টিটিউশন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত পরিদর্শক পরিদর্শন করিবেন।

(২) পরিদর্শক উক্তরূপ পরীক্ষা-নিরীক্ষা ও পরিদর্শন করিয়া এতৎসংক্রান্ত প্রতিবেদন ইনস্টিটিউশনের নিকট দাখিল করিবেন।

(৩) লাইসেন্সের জন্য সংগৃহীত নমুনা পরীক্ষণের ফলাফল ও পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হইলে, ইনস্টিটিউশন আবেদনকারীকে তফসিল-১ এর ক-অংশ এবং খ-অংশে বর্ণিত প্রযোজ্য লাইসেন্স ফি প্রদানের জন্য অবহিত করিবে এবং উক্ত ফি জমাদানের পর ইনস্টিটিউশন ফরম-২ অনুযায়ী লাইসেন্স প্রদান করিবে।

(৪) ইনস্টিটিউশন লাইসেন্সে প্রয়োজনীয় শর্ত আরোপ করিতে পারিবে।

(৫) কোনো লাইসেন্সধারীকে মেয়াদোত্তীর্ণের ৩ (তিন) মাস পূর্বে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

(৬) লাইসেন্স নবায়নের জন্য নির্ধারিত সময়ের মধ্যে আবেদন না করিলে মেয়াদান্তে ইনস্টিটিউশন লাইসেন্স বাতিল করিতে পারিবে।

১০। **ট্রেডমার্ক বা শিল্প নকশার বিষয়ে একাধিক লাইসেন্স ইস্যু হইয়া থাকিলে তৎসম্পর্কিত বিধান।**—(১) কোনো পণ্য বা দ্রব্যের ট্রেডমার্ক বা শিল্প নকশার বিষয়ে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরে প্রাথমিক আবেদনের ভিত্তিতে ইনস্টিটিউশন কর্তৃক একাধিক লাইসেন্স ইস্যু হইয়া থাকিলে, পরবর্তীতে উক্ত অধিদপ্তর কর্তৃক স্বীকৃত উক্ত পণ্যের ট্রেডমার্ক বা শিল্প নকশার মূল স্বত্বাধিকারী কর্তৃক কোনো প্রকার অভিযোগ উত্থাপিত হইলে ইনস্টিটিউশন উহা যাচাই-বাছাইপূর্বক উক্ত অধিদপ্তরের সিদ্ধান্তের ভিত্তিতে উহা বাতিল বা প্রত্যাহার করিতে পারিবে।

(২) সুপরিচিত ট্রেডমার্ক বা শিল্প নকশার অবৈধ অনুকরণ বা ব্যবহার প্রতিরোধকল্পে ইনস্টিটিউশন লাইসেন্সের জন্য কোনো আবেদন প্রত্যাখ্যান করিতে পারিবে।

১১। **লাইসেন্স স্থগিতকরণ বা বাতিলকরণ।**—(১) কোনো লাইসেন্সধারী আইন, এই প্রবিধানমালা বা লাইসেন্সে উল্লিখিত কোনো শর্ত ভঙ্গ করিলে ইনস্টিটিউশন লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কোনো লাইসেন্স স্থগিত বা বাতিল করিবার ক্ষেত্রে, ইনস্টিটিউশন লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কারণ দর্শানোর জন্য ১৫ (পনেরো) কার্যদিবস সময়সীমা নির্ধারণ করিয়া নোটিশ প্রদান করিবে এবং সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে যুক্তিসংগত শুনানির সুযোগ প্রদান করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (২) উল্লিখিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান জবাব দাখিল না করিলে বা সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হইলে ইনস্টিটিউশন সংশ্লিষ্ট লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবে।

(৪) স্থগিতকৃত লাইসেন্সের স্থগিতাদেশ প্রত্যাহার না করা পর্যন্ত লাইসেন্স নবায়ন করা যাইবে না।

১২। **হালাল সার্টিফিকেশন মার্ক।**—(১) হালাল মার্ক নিম্নরূপ নির্দেশিকা অনুযায়ী হইবে যাহা বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন হালাল সার্টিফিকেশন মার্ক নামে অভিহিত হইবে, যথা :—

(২) যথাযথ স্টাইলে আঁকা উপ-প্রবিধান (১) এ প্রদর্শিত হালাল মার্কের ফটোগ্রাফিক হ্রাস বা বৃদ্ধির ক্ষেত্রে সমানুপাতিক হইতে হইবে।

(৩) পণ্য বা দ্রব্যের লেবেলিং-এ হালাল মার্ক এইরূপে প্রদর্শন করিতে হইবে যাহাতে উহা সহজেই দৃশ্যমান হয়।

(৪) হালাল মার্কের সুস্পষ্টতা, দৃশ্যমানতা ও অ-অপসারণযোগ্যতা এবং চিহ্নিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট বাংলাদেশ স্ট্যান্ডার্ড অনুসারে যথাযথভাবে প্রয়োগযোগ্য হইবে।

(৫) পণ্য বা দ্রব্যের লেবেলিং-এ হালাল মার্কের পাশাপাশি মেশিন রিডেবল কোড বা অনুরূপ নিরাপত্তা কোড ব্যবহার করিতে হইবে।

১৩। **হালাল মার্ক ব্যবহারের উদ্দেশ্যে হালাল সার্টিফিকেটের জন্য আবেদন।**—(১) কোনো প্রক্রিয়াজাত পণ্য বা দ্রব্যের গায়ে বা লেবেলে অথবা প্রক্রিয়া, পদ্ধতি বা সেবার অনুকূলে হালাল মার্ক ব্যবহারের উদ্দেশ্যে হালাল সার্টিফিকেট গ্রহণের নিমিত্ত ইনস্টিটিউশনের নিকট ফরম-৮ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত আবেদনের সহিত প্রক্রিয়াজাত পণ্য, দ্রব্য, প্রক্রিয়া, পদ্ধতি বা সেবার উপকরণ, পণ্য বা দ্রব্য তৈরি বা সেবা বা পদ্ধতির বর্ণনা বা ব্যবসা পরিচালনার বৈধ দলিলাদি এবং, ক্ষেত্রমত, প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ পরিদর্শন ও পরীক্ষণ কর্মসূচী এবং প্রয়োজনীয় টেকনিক্যাল ম্যানুয়াল বা প্লান দাখিল করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন দাখিলকৃত দলিলাদি ছাড়াও ইনস্টিটিউশন আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট যে কোনো তথ্য বা দালিলিক প্রমাণ চাহিতে পারিবে এবং আবেদনকারী অনুরূপ তথ্য বা দলিলাদি প্রদান না করিলে ইনস্টিটিউশন আবেদনপত্র প্রত্যাখ্যান করিতে পারিবে।

(৪) হালাল সার্টিফিকেটের জন্য প্রতিটি আবেদনপত্র নম্বরযুক্ত প্রাপ্তি স্বীকার প্রদান করিতে হইবে।

(৫) প্রতিটি আবেদনপত্র, ব্যক্তির ক্ষেত্রে আবেদনকারী স্বয়ং অথবা প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিক, অংশীদার বা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা প্রতিষ্ঠানের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

১৪। **হালাল সার্টিফিকেশন কমিটি।**—এই প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে, ইনস্টিটিউশন, পরিষদের অনুমোদনক্রমে, সময় সময়, আদেশ দ্বারা, ইনস্টিটিউশনের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ ও প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে হালাল সার্টিফিকেশন কমিটি গঠন ও উহার কার্যপরিধি নির্ধারণ করিতে পারিবে।

১৫। **হালাল অডিট**—(১) হালাল সার্টিফিকেশন কমিটি, প্রবিধান ১৩ এর অধীন দাখিলকৃত আবেদন ও কাগজপত্রে বর্ণিত প্রক্রিয়াজাত পণ্য, দ্রব্য, প্রক্রিয়া বা সেবা সংশ্লিষ্ট আন্তর্জাতিক স্ট্যান্ডার্ড অথবা বাংলাদেশ স্ট্যান্ডার্ডের সহিত সংগতিপূর্ণ কিনা উহা যাচাইয়ের নিমিত্ত হালাল অডিট করিবার জন্য, সময় সময়, আদেশ দ্বারা, ইনস্টিটিউশনের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে হালাল অডিট টিম গঠন ও উহার কার্যপরিধি নির্ধারণ করিতে পারিবে।

(২) হালাল অডিট টিম উপ-প্রবিধান (১) এ উল্লিখিত হালাল অডিট করিয়া এতৎসম্পর্কিত প্রতিবেদন ইনস্টিটিউশনের মাধ্যমে হালাল সার্টিফিকেশন কমিটির নিকট দাখিল করিবে।

১৬। **হালাল সার্টিফিকেট প্রদান ও নবায়ন।**—(১) হালাল সার্টিফিকেশন কমিটি, প্রবিধান ১৫ এর উপ-প্রবিধান (২) এর অধীন প্রাপ্ত প্রতিবেদন এবং প্রবিধান ১৩ এর অধীন দাখিলকৃত আবেদনপত্রে বর্ণিত তথ্যাদি ও কাগজপত্র পর্যালোচনাক্রমে, হালাল সার্টিফিকেট ইস্যুর জন্য ইনস্টিটিউশন বরাবর সুপারিশ প্রদান করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্ত সুপারিশ সন্তোষজনক হইলে ইনস্টিটিউশন, সংশ্লিষ্ট আবেদনকারীকে তফসিল-২ এ উল্লিখিত হালাল সার্টিফিকেট ফি প্রদানের জন্য অবহিত করিবে এবং উক্ত ফি জমাদানের পর ফরম-৯ অনুযায়ী হালাল সার্টিফিকেট ইস্যু করিবে:

তবে শর্ত থাকে যে, উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্ত সুপারিশ সন্তোষজনক না হইলে ইনস্টিটিউশন, হালাল সার্টিফিকেটের আবেদন প্রত্যাখ্যান করিতে পারিবে।

(৩) ইনস্টিটিউশন হালাল সার্টিফিকেটে প্রয়োজনীয় শর্ত আরোপ করিতে পারিবে।

(৪) প্রতিটি হালাল সার্টিফিকেটের মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর।

(৫) হালাল সার্টিফিকেটধারীকে মেয়াদোত্তীর্ণের ৩ (তিন) মাস পূর্বে হালাল সার্টিফিকেট নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

(৬) হালাল সার্টিফিকেট নবায়নের জন্য নির্ধারিত সময়ের মধ্যে আবেদন না করিলে মেয়াদান্তে ইনস্টিটিউশন হালাল সার্টিফিকেট বাতিল করিতে পারিবে।

১৭। **হালাল সার্টিফিকেট স্থগিত বা বাতিল।**—(১) কোনো হালাল সার্টিফিকেটধারী আইন, এই প্রবিধানমালা বা হালাল সার্টিফিকেটে উল্লিখিত কোনো শর্ত ভঙ্গ করিলে ইনস্টিটিউশন হালাল সার্টিফিকেট স্থগিত বা বাতিল করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কোনো হালাল সার্টিফিকেট স্থগিত বা বাতিলের ক্ষেত্রে, ইনস্টিটিউশন হালাল সার্টিফিকেটধারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কারণ দর্শানোর জন্য ১৫ (পনেরো) কার্যদিবস সময়সীমা নির্ধারণ করিয়া নোটিশ প্রদান করিবে এবং সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে যুক্তিসংগত শুনানির সুযোগ প্রদান করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (২) উল্লিখিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান জবাব দাখিল না করিলে বা সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হইলে ইনস্টিটিউশন হালাল সার্টিফিকেট স্থগিত বা বাতিল করিতে পারিবে।

(৪) স্থগিতকৃত হালাল সার্টিফিকেটের স্থগিতাদেশ প্রত্যাহার না করা পর্যন্ত হালাল সার্টিফিকেট নবায়ন করা যাইবে না।

১৮। **লাইসেন্স এবং হালাল সার্টিফিকেট রেজিস্টার।**—(১) লাইসেন্স এবং হালাল সার্টিফিকেটের জন্য পৃথক পৃথক ডিজিটাল ডাটাবেজ বা রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

(২) ডিজিটাল ডাটাবেজ বা রেজিস্টারে লাইসেন্স বা হালাল সার্টিফিকেট প্রদান বা নবায়ন বা বাতিল বা স্থগিত অথবা লাইসেন্স বা হালাল সার্টিফিকেট ফি সম্পর্কিত যাবতীয় তথ্যসহ লাইসেন্সধারী বা হালাল সার্টিফিকেটধারীর নাম বা প্রতিষ্ঠানের নাম ও যোগাযোগের ঠিকানা, ফোন নম্বর, ইত্যাদি অন্তর্ভুক্ত থাকিবে।

১৯। **লাইসেন্স বা হালাল সার্টিফিকেটের প্রতিলিপি।**—কোনো লাইসেন্স অথবা হালাল সার্টিফিকেট হারাইয়া গেলে বা বিনষ্ট হইয়া গেলে অথবা, ক্ষেত্রমত, ইংরেজি ভার্সনে লাইসেন্স বা হালাল সার্টিফিকেটের প্রতিলিপি গ্রহণ করিতে চাহিলে, সংশ্লিষ্ট লাইসেন্সধারী অথবা হালাল সার্টিফিকেটধারীকে অফেরতযোগ্য ১ (এক) হাজার টাকা ফিসহ যথাক্রমে, ফরম-৭ ও ফরম-১০ অনুযায়ী আবেদন করিতে হইবে।

২০। **আমদানিকৃত পণ্যের ছাড়পত্র।**—(১) আমদানিকৃত পণ্যের ছাড়পত্র গ্রহণের নিমিত্ত আমদানিকারককে প্রতি কনসাইনমেন্টের জন্য ফরম-৩ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) আমদানিকৃত পণ্যের সংগৃহীত নমুনা সংশ্লিষ্ট বাংলাদেশ স্ট্যান্ডার্ড অনুযায়ী সন্তোষজনক হইলে, আমদানিকারককে ছাড়পত্র গ্রহণের জন্য তফসিল-১ এর ক-অংশ এবং খ-অংশে বর্ণিত প্রযোজ্য ফি পরিশোধ করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন ফি প্রাপ্তি সাপেক্ষে, ইনস্টিটিউশন ফরম-৪ অনুযায়ী ছাড়পত্র প্রদান করিবে।

(৪) আমদানিকৃত পণ্য সংশ্লিষ্ট স্ট্যান্ডার্ড অনুযায়ী সন্তোষজনক না হইলে ইনস্টিটিউশন ছাড়পত্র প্রত্যাখ্যান করিতে পারিবে।

২১। **কোনো পণ্যের বাংলাদেশ স্ট্যান্ডার্ড না থাকিলে উহার স্ট্যান্ডার্ড নির্দিষ্টকরণের পদ্ধতি।**—(১) কোনো পণ্যের বাংলাদেশ স্ট্যান্ডার্ড না থাকিলে আঞ্চলিকভাবে বা আন্তর্জাতিকভাবে বা অন্য কোনো দেশ কর্তৃক স্বীকৃত স্ট্যান্ডার্ড বিবেচনাক্রমে ইনস্টিটিউশন সাময়িকভাবে ১ (এক) বৎসরের জন্য স্ট্যান্ডার্ড মার্ক লাইসেন্স প্রদান করিতে পারিবে এবং উক্ত স্ট্যান্ডার্ডকে বিবেচনা করিয়া ইনস্টিটিউশন বাংলাদেশ স্ট্যান্ডার্ড নির্দিষ্টকরণের জন্য সংশ্লিষ্ট স্ট্যান্ডার্ড নির্দিষ্টকরণ কমিটিতে প্রেরণ করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন প্রদত্ত লাইসেন্স, স্ট্যান্ডার্ড নির্দিষ্টকরণ কমিটির নিকট গ্রহণযোগ্য না হইলে এই প্রবিধানের উপ-প্রবিধান (১) এ উল্লিখিত মেয়াদান্তে উহা বাতিল হইবে।

(৩) আমদানিকৃত কোনো পণ্যের ক্ষেত্রে বাংলাদেশ স্ট্যান্ডার্ডের কোনো পরীক্ষণ প্যারামিটারের মাত্রা যদি আঞ্চলিক বা আন্তর্জাতিক বা অন্য কোনো দেশের স্বীকৃত স্ট্যান্ডার্ডের মাত্রার সহিত অসামঞ্জস্যপূর্ণ হয় সেইক্ষেত্রে ইনস্টিটিউশন বিষয়টি স্ট্যান্ডার্ড নির্দিষ্টকরণ কমিটিতে প্রেরণ করিবে, তবে আঞ্চলিক বা আন্তর্জাতিক বা অন্য কোনো দেশের স্বীকৃত স্ট্যান্ডার্ডের মাত্রার সহিত গ্রহণযোগ্য হইলে সংশ্লিষ্ট স্ট্যান্ডার্ড নির্দিষ্টকরণ কমিটির সুপারিশক্রমে সাময়িকভাবে ছাড়পত্র প্রদান করা যাইবে এবং উক্ত স্ট্যান্ডার্ডে বর্ণিত প্যারামিটারের মাত্রাকে বিবেচনার বিষয়ে স্ট্যান্ডার্ড নির্দিষ্টকরণ কমিটির সুপারিশের ভিত্তিতে ইনস্টিটিউশন বিদ্যমান বাংলাদেশ স্ট্যান্ডার্ডকে হালনাগাদ করিবার ব্যবস্থা গ্রহণ করিবে।

২২। **পণ্যের মানোন্নয়নের প্রেক্ষিতে নূতন ব্র্যান্ড, টাইপ, সাইজ, ফ্লেভার বা গ্রেড সংযোজন এবং স্টান্ডার্ড মার্ক ব্যবহারের জন্য আবেদন।**—(১) পণ্যের মানোন্নয়নের প্রেক্ষিতে লাইসেন্স প্রদান বা নবায়ন অথবা নূতন ব্র্যান্ড, টাইপ, সাইজ, ফ্লেভার বা গ্রেড সংযোজন এবং স্ট্যান্ডার্ড মার্ক ব্যবহারের উদ্দেশ্যে মূল লাইসেন্সে অন্তর্ভুক্তির জন্য ফরম-৫ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এ বর্ণিত আবেদনের প্রেক্ষিতে সংগৃহীত নমুনার পরীক্ষণ ফলাফল সন্তোষজনক পাওয়া গেলে তফসিল-১ এর ক-অংশ এবং খ-অংশে বর্ণিত প্রযোজ্য ফি প্রাপ্তি সাপেক্ষে, লাইসেন্স প্রদান, নবায়ন বা মূল লাইসেন্সে অন্তর্ভুক্ত করা যাইবে।

২৩। **পরিদর্শক নিয়োগের সনদপত্র প্রদান, ইত্যাদি।**—(১) ইনস্টিটিউশন নিয়োগপ্রাপ্ত প্রত্যেক পরিদর্শককে ফরম-৬ অনুযায়ী নিয়োগের সনদপত্র প্রদান করিবে।

(২) পরিদর্শক কর্তব্যরত অবস্থায় উক্ত সনদপত্র সঙ্গে রাখিবেন এবং কেহ দেখিতে চাহিলে তিনি উহা প্রদর্শন করিবেন।

২৪। **পরিদর্শন পদ্ধতি।**—(১) কোনো পরিদর্শক কর্তৃক আইন ও এই প্রবিধানমালার অধীন পরিদর্শনের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা :—

(ক) কোনো লাইসেন্সধারী বা লাইসেন্সের জন্য আবেদনকারীর প্রতিষ্ঠান বা কারখানা পরিদর্শনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা আবেদনকারীকে পূর্বেই অবহিত করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, পরিদর্শক জনগুরুত্ব বিবেচনায় অগ্রিম নোটিশ প্রদান না করিয়াও পরিদর্শন করিতে পারিবেন;

(খ) পরিদর্শনকালে কোনো পণ্য বা দ্রব্যের নমুনা সংগ্রহের প্রয়োজন হইলে, সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা লাইসেন্সের জন্য আবেদনকারী অথবা প্রতিষ্ঠানের অথবা কারখানার কোনো দায়িত্বশীল ব্যক্তির উপস্থিতিতে উহা সংগ্রহ করিতে হইবে;

(গ) পরিদর্শক পণ্যের সংশ্লিষ্ট বাংলাদেশ স্ট্যান্ডার্ড অনুযায়ী নমুনা সংগ্রহ করিবেন এবং লাইসেন্সধারী বা লাইসেন্সের জন্য আবেদনকারী বা প্রতিষ্ঠানের দায়িত্বশীল ব্যক্তি অনুরোধ জানাইলে একটি নমুনা প্রদান করিবেন;

(ঘ) পরিদর্শক দৈবচয়নের ভিত্তিতে প্রতিটি পণ্যের নমুনা সংগ্রহ করিবেন এবং লাইসেন্সধারী, লাইসেন্সের জন্য আবেদনকারী বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের দায়িত্বশীল ব্যক্তির যৌথ স্বাক্ষরে সিলগালা করিবেন;

(ঙ) পরিদর্শক পরিদর্শন প্রতিবেদন তৈরি করিবেন এবং উহাতে পরিদর্শক, উৎপাদনকারী বা আবেদনকারী এবং, প্রযোজ্য ক্ষেত্রে, আমদানিকৃত পণ্যের জন্য কাস্টমস কর্মকর্তার স্বাক্ষর গ্রহণ করিবেন;

(চ) পরিদর্শক বার্ষিক উৎপাদন প্রতিবেদন ও স্ট্যান্ডার্ড মার্ক ব্যবহারের উদ্দেশ্যে লাইসেন্স ফি পরিশোধের বিষয়টি পরীক্ষা করিবেন;

(ছ) পরিদর্শক গুদাম অথবা লাইসেন্সধারীর এজেন্টগণের নিকট হইতে অথবা খোলা বাজারে বিক্রয়ের জন্য রক্ষিত পণ্য বা দ্রব্যসমূহ হইতে নমুনা সংগ্রহ করিতে পারিবেন; এবং

(জ) পরিদর্শক তাহার পরিদর্শন সম্পর্কে ইনস্টিটিউশনের নিকট বিস্তারিত পরিদর্শন প্রতিবেদন পেশ করিবেন।

(২) ইনস্টিটিউশন প্রত্যেক লাইসেন্সপ্রাপ্ত পণ্যের স্ট্যান্ডার্ড যাচাই করিবার জন্য বৎসরে অন্যূন ২ (দুই) বার সার্ভিল্যান্স পরিদর্শনের ব্যবস্থা করিবে।

২৫। **বাজেয়াপ্তকৃত দ্রব্যাদি ধ্বংস বা নিষ্পত্তি।**—মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ইনস্টিটিউশনের কোনো কর্মচারীর নিকট জব্দ বা বাজেয়াপ্তকৃত দ্রব্যাদি হস্তান্তর করিবার পর—

(ক) বাজেয়াপ্তকৃত দ্রব্যাদি বাংলাদেশ স্ট্যান্ডার্ড অনুযায়ী পরীক্ষা করা সম্ভব হইলে উহা পরীক্ষা করিতে হইবে এবং মানসম্মত পাওয়া গেলে উহা বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমা করিতে হইবে বা উক্ত পণ্য কোনো সামাজিক বা জাতীয় প্রতিষ্ঠানে হস্তান্তর করিতে পারিবে; এবং

(খ) বাজেয়াপ্তকৃত দ্রব্যাদি সংশ্লিষ্ট বাংলাদেশ স্ট্যান্ডার্ড অনুযায়ী পরীক্ষা করিয়া সন্তোষজনক পাওয়া না গেলে উহা ধ্বংস করিতে পারিবে।

২৬। **কারখানা বা প্রাঙ্গন বন্ধ করিবার পদ্ধতি।**—(১) আইনের ধারা ৩৮ এর অধীন কোনো কারখানা বা প্রাঙ্গন বন্ধ করিবার ক্ষেত্রে ইনস্টিটিউশনের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী, প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা প্রতিনিধি ও সাক্ষীর উপস্থিতিতে সকল পণ্য, দ্রব্য ও যন্ত্রপাতির বিবরণ জব্দ তালিকায় লিপিবদ্ধ করিবেন এবং উহার একটি অনুলিপি উপস্থিত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা প্রতিনিধির নিকট হস্তান্তর করিবেন।

(২) ইনস্টিটিউশন লাইসেন্সবিহীন কোনো প্রতিষ্ঠান বা কারখানা বা গুদাম সিলগালা করিলে উক্ত প্রতিষ্ঠান বা কারখানা বা গুদামের মালিক সিলগালা খুলিবার আবেদন করিলে এবং আবেদন সন্তোষজনক বিবেচিত হইলে মহাপরিচালক বা মহাপরিচালকের অনুমোদনক্রমে, ইনস্টিটিউশনের কোনো কর্মচারী সিলগালা অবমুক্ত করিতে পারিবেন।

২৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেষ্টিং ইনষ্টিটিউশন প্রবিধানমালা, ১৯৮৯, অতঃপর উক্ত প্রবিধানমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত প্রবিধানমালার অধীন—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা অথবা নির্দিষ্টকৃত স্ট্যান্ডার্ডসমূহ এই প্রবিধানমালার অধীন কৃত, গৃহীত বা নির্দিষ্টকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

খ) চলমান কোনো কার্যক্রম এই প্রবিধানমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**ফরম-১**

[প্রবিধান ৮ এর উপ-প্রবিধান (১) দ্রষ্টব্য]

**স্ট্যান্ডার্ড মার্ক ব্যবহারের উদ্দেশ্যে লাইসেন্সের জন্য আবেদন**
**বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)**

**শিল্প মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

বরাবর
মহাপরিচালক
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা,
ঢাকা-১২০৮।

১। আমি/আমরা (ব্যক্তি বা প্রতিষ্ঠানের পূর্ণ নাম) ...................................................... ............................................................. বাংলাদেশ স্ট্যান্ডার্ড (বিডিএস) এর সহিত সামঞ্জস্যপূর্ণ পণ্য, দ্রব্য বা প্রক্রিয়ার ক্ষেত্রে স্ট্যান্ডার্ড মার্ক ও ইনস্টিটিউশন কর্তৃক প্রদত্ত মেশিন রিডেবল কোড ব্যবহার করিবার জন্য একটি লাইসেন্স প্রদানের জন্য আবেদন করিতেছি :

| *(ক) | দ্রব্য বা পণ্যের নাম: | সংশ্লিষ্ট বাংলাদেশ স্ট্যান্ডার্ড বা বিদেশি স্ট্যান্ডার্ড |
|---|---|---|
| | ব্র্যান্ড: | |
| | ফ্লেভার: | |
| | সাইজ: | |
| | টাইপ: | |
| | গ্রেড: | |
| | লাইসেন্স নম্বর এবং মেয়াদ (প্রযোজ্য ক্ষেত্রে): | |
| *(খ) | সেবা বা প্রক্রিয়ার নাম: | |

*একটি আবেদনপত্রে (ক) ও (খ) এ অন্তর্ভুক্ত আইটেম দুইটির মধ্যে কেবল একটির জন্য আবেদন করা যাইবে।

২। কারখানার নাম ও ঠিকানা : ..........................................................................

৩। উল্লিখিত পণ্য, দ্রব্য, সেবা বা প্রক্রিয়ার জন্য উৎপাদনের পরিমাণ ও রপ্তানির পরিমাণ এবং আমার/আমাদের সর্বোত্তম জানা মতে উহার মূল্য :

| বৎসর | উৎপাদন | ইউনিট | এক্স ফ্যাক্টরি মূল্য (মূল্য সংযোজন কর ব্যতীত কারখানা বা প্রতিষ্ঠানের উৎপাদিত বা বাজারজাতকৃত দ্রব্যের বিক্রয়মূল্য) |
|---|---|---|---|
| বিগত বৎসর<br>(ক) ........... হইতে ............ | | | |
| (খ) ........... হইতে ............ | | | |
| (গ) ........... হইতে ............. | | | |
| চলতি বৎসর<br>................ হইতে ............. | | | |
| রপ্তানি | | | |
| বৎসর | উৎপাদন | ইউনিট | মূল্য |
| বিগত বৎসর<br>(ক) ........... হইতে ............ | | | |
| (খ) ........... হইতে ............ | | | |
| (গ) ........... হইতে ............. | | | |
| চলতি বৎসর<br>................ হইতে ............ | | | |

৪। সংশ্লিষ্ট বাংলাদেশ স্ট্যান্ডার্ডের সহিত উল্লিখিত পণ্য, দ্রব্য, সেবা বা প্রক্রিয়া সামঞ্জস্য নিশ্চিত করিবার উদ্দেশ্যে আমি/আমরা:

(ক) আবেদনপত্রের সহিত সংযুক্ত বিবরণে বর্ণিত পরিদর্শন ও টেস্টিং এর পদ্ধতি ব্যবহার করিতেছি বা ব্যবহার করিবার প্রস্তাব করিতেছি এবং নিয়মিত রেকর্ডসমূহ বা অনুরূপ সকল পরিদর্শন বিবরণে বিস্তারিতভাবে প্রদত্ত ফরমে রাখা হয়/রাখা হইবে;

(খ) আপনার দ্বারা, নির্দেশিত হইতে পারে এইরূপ নীতির সহিত সংগতি রক্ষা করিয়া, সময় সময়, পরিদর্শন ও টেস্টিং কর্মসূচি আংশিক পরিবর্তন, সংশোধন বা পরিবর্তনের প্রতিশ্রুতি প্রদান করিতেছি;

(গ) পরিদর্শন ও টেস্টিং এর কোনো কর্মসূচি যাহা ইনস্টিটিউশন কর্তৃক সুপারিশ করা হইবে তদরূপ কর্মসূচি চালু করিবার প্রতিশ্রুতি প্রদান করিতেছি।

৫। ইনস্টিটিউশন প্রাথমিক কোনো পরিদর্শন বা তদন্ত করিতে চাহিলে আমি/আমরা ইনস্টিটিউশনকে যৌক্তিক সহযোগিতা প্রদান করিতে সম্মত আছি এবং ইনস্টিটিউশনের নির্দেশনা অনুযায়ী টেস্টিং ফিসহ পরিদর্শন বা তদন্তের সকল ব্যয় পরিশোধ করিতে সম্মত আছি।

৬। লাইসেন্স প্রদান করা হইলে লাইসেন্সের সকল শর্ত, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন প্রবিধানমালা, ২০২২ মানিয়া চলিবার প্রতিশ্রুতি প্রদান করিতেছি এবং যদি লাইসেন্স স্থগিত বা বাতিল হইয়া যায়, তাহা হইলে এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, লাইসেন্সের আওতাধীন পণ্য, দ্রব্য, সেবা বা প্রক্রিয়ার উপর স্ট্যান্ডার্ড মার্ক বা ইনস্টিটিউশন কর্তৃক প্রদত্ত মেশিন রিডেবল কোড ব্যবহার অবিলম্বে বন্ধ করা হইবে এবং সংশ্লিষ্ট সকল বিজ্ঞাপন, পণ্য বা দ্রব্য প্রত্যাহার করা হইবে এবং এই প্রবিধানমালার বিধানসমূহ অনুসরণের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ করিব।

স্বাক্ষর, তারিখ ও সিল

চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী এর নাম:

পিতার নাম:

মাতার নাম:

এনআইডি নম্বর:

পূর্ণ ঠিকানা:

টেলিফোন/মোবাইল নম্বর:

ই-মেইল:

প্রতিষ্ঠানের পক্ষে

স্বাক্ষর:

প্রতিনিধির নাম:

পদবি:

মোবাইল নম্বর:

ই-মেইল:

**সংযুক্তি:**

(ক) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের কপি বা পাসপোর্টের কপি;

(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি;

(গ) টিআইএন সনদের কপি;

(ঘ) মানসম্মত লেবেল (সংশ্লিষ্ট বাংলাদেশ জাতীয় স্ট্যান্ডার্ড, পণ্য মোড়কজাতকরণ বিধিমালা, ২০২১ ও প্রচলিত অন্যান্য আইন বা বিধি-বিধান অনুযায়ী প্রণীত);

(ঙ) আবেদনকারী যে পরিদর্শন ও টেস্টিং কর্মসূচি অনুসরণ করেন বা ব্যবহার করেন বা ভবিষ্যতে ব্যবহার করিতে পারেন, প্রযোজ্য ক্ষেত্রে, তাহার বিস্তারিত বর্ণনা সংবলিত বিবৃতি।

**ফরম-২**

[প্রবিধান ৯ এর উপ-প্রবিধান (৩) দ্রষ্টব্য]

**স্ট্যান্ডার্ড মার্ক ব্যবহারের লাইসেন্স**

**বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)**

**শিল্প মন্ত্রণালয়**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

স্মারক নং : ............................................. তারিখ : ............ বঙ্গাব্দ / ............ খ্রিষ্টাব্দ

**QR Code**

লাইসেন্স নম্বর ....................................... তারিখ ..........................

ইনস্টিটিউশন এতদ্দ্বারা ................................................................. কে নিম্নের ছকে বর্ণিত পণ্য, দ্রব্য, সেবা বা প্রক্রিয়ায় ইনস্টিটিউশন কর্তৃক নির্ধারিত স্ট্যান্ডার্ড মার্ক ব্যবহার করিবার লাইসেন্স প্রদান করা হইল।

পণ্য বা দ্রব্যের মোড়কে ইনস্টিটিউশন কর্তৃক প্রদত্ত মেশিন রিডেবল কোড ব্যবহার করিতে হইবে।

লাইসেন্সধারী লাইসেন্সের শর্তাবলি প্রতিপালন করিবেন।

লাইসেন্সটির মেয়াদ হইবে ..................... তারিখ হইতে .................. তারিখ পর্যন্ত।

মেয়াদ উত্তীর্ণের ৩ (তিন) মাস পূর্বে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

**পণ্য, দ্রব্য, সেবা বা প্রক্রিয়ার বিবরণ**

